শুভেচ্ছা

☺ 'Priyajeet' **(সুকান্তনগর)** ঃ তোমার শুভ অন্নপ্রাশনে শুভেচ্ছা ও ভালোবাসা জানাই। –Taj Caterer, শিলিগুড়ি।

জন্মদিন

☺ **অগ্নিভা (দুষ্টু)** ঃ আমাদের গৃহশিক্ষকের একমাত্র মেয়ে দুষ্টুর দ্বিতীয় জন্মদিনে শুভেচ্ছা, সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনায় – **অসীম তালুকদারের ২০১৯–এর সকল ছাত্রছাত্রীবৃন্দ,** বিধানপল্লি, ওয়ার্ড নং–১০, তুফানগঞ্জ।

☺ **দৈবিক দাস** ঃ আজ রাজের অষ্টম জন্মদিন উপলক্ষ্যে ওকে জানাই অনেক আদর ও ভালোবাসা। –**বাবা, মা, দাদু, দিদা, কৃত্তিকা ও ড্রিম টাওয়ার অ্যাপার্টমেন্ট,** হাকিমপাড়া, শিলিগুড়ি।

☺ **মল্লিকা মহন্ত** ঃ আজ তোমার শুভ জন্মদিনে রইল প্রাণ ভরা ভালোবাসা ও আশীর্বাদ। –**মা, বাবা ও মহন্ত পরিবার,** আলোকঝাড়ি, দিনহাটা।

অভিমন্যুর দ্বিশতরানে বাংলার রনজি বিসর্জন

বাংলা–১৮৭ ও ৪৩২–৬ (ডি.)
পাঞ্জাব–৪৪৭ ও ১৩২–৫

অরিন্দম বন্দ্যোপাধ্যায় ● কলকাতা

১০ জানুয়ারি ঃ থমথমে মুখে মাঠের ধারে পায়চারি করছেন অরুণ লাল। বাংলার নির্বাচকরা নিজেদের মধ্যে গম্ভীর আলোচনায় ব্যস্ত। তাঁদের মনে অনেক প্রশ্ন থাকলেও সমাধানের উপায় জানা নেই।

কিছু দূরে সিএবির কিছু আধা কর্তা নিজেদের মধ্যে তর্ক জুড়েছেন বাংলার রনজি জয়ের স্বপ্নপূরণ হওয়া নিয়ে। সঙ্গে চলছে দুটো বিষয় নিয়ে আলোচনা। এক, কেন পিচের চরিত্র বুঝতে বারবার ভুল হচ্ছে বাংলা দলের। দুই, আজ পঞ্জাবের বিরুদ্ধে ম্যাচের শেষ দিনের সকালে আরও দ্রুত রান করে যুবরাজদের উপর কি চাপ তৈরি করা যেত না?

সল্টলেকের যাদবপুর বিশ্ববিদ্যালয়ের মাঠে বাংলা বনাম পঞ্জাব ম্যাচের শেষদিনে নাটকের অভাব ছিল না। ড্র ম্যাচের পর তা আরও চরমে পৌঁছে গেল। বাংলা ও পাঞ্জাব, দুই দলেরই এবারের মতো রনজি বিসর্জন ঘটে গেল। কিন্তু তার মধ্যেই পাঞ্জাব বাংলার ১৭ ওভারে ১৭৩ রানের চ্যালেঞ্জের সামনে আগ্রাসন দেখিয়ে মনোজদের নাভিশ্বাস তুলে দিয়েছিল। মনপ্রীত সিং গোনির (২৮ বলে ৫৮) টি২০ মেজাজে ব্যাটিংয়ের সঙ্গে পাল্লা দিয়ে বাংলার জঘন্য বোলিং ও ফিল্ডিংয়ের কারণে ম্যাচ হারের অবস্থাও তৈরি হয়েছিল মনোজদের সংসারে। গোনি ফেরার পর তাঁর সতীর্থরা সেই ছন্দটা ধরে রাখতে পারেননি। পারলে বঙ্গ ক্রিকেটে সাম্প্রতিককালের সবচেয়ে কলঙ্কিত দিন হতেই পারত আজ। সম্ভবত এই ক্ষোভ থেকেই ম্যাচের পর পাঞ্জাবের অধিনায়ক মনদীপ সিং সাংবাদিক সম্মেলনে হাজির হয়ে দ্বিতীয় ইনিংসে বাংলার দীর্ঘ সময় ধরে ব্যাট করার সিদ্ধান্তকে 'নেগেটিভ' আখ্যা দিয়েছেন। প্রশ্ন তুলেছেন, ম্যাচটা দুই দলের জন্যই যখন মরণবাঁচনের ছিল, তখন বাংলা কেন চা পানের বিরতির পরও ব্যাটিং চালিয়ে গেল।

সকালে বাংলা অধিনায়ক মনোজ তিওয়ারি (১০৫) দ্রুত শতরান সেরে ফেলেছিলেন। কিন্তু তিনি ফিরে যাওয়ার পরই রানের গতি কমে যায়। অন্যদিকে, অভিমন্যু ঈশ্বরণ (অপরাজিত ২০১) আজ প্রথম শ্রেণির ক্রিকেটে কেরিয়ারের প্রথম ডবল সেঞ্চুরি করলেন। দলকে ভরসা দিলেন। প্রমাণ করলেন নিজের যোগ্যতা। কিন্তু দ্রুত রান বাড়ানোর কাজটা করতে পারলেন কই। অনুষ্টুপ মজুমদার (৯), ঋত্বিক চ্যাটার্জিরা (৪৮) ফের ব্যর্থ আজ। একা অভিমন্যুই টানলেন বাংলা দলকে। অসাধারণ ইনিংস খেললেন। দিনকয়েক আগে দিল্লির বিরুদ্ধে ম্যাচে বাংলার ঐতিহাসিক জয়ে অপরাজিত ১৮৩ করেছিলেন। আজ দলকে জেতাতে না পারলেও বাংলার স্কোরটা ৪৩২–৬–এ পৌঁছে দিয়েছিলেন তিনিই। আর অভিমন্যুর দ্বিশতরানের পরই বাংলা অধিনায়ক মনোজ ১৭২ রানে এগিয়ে ইনিংস ডিক্লেয়ার করার সিদ্ধান্ত নেন।

ম্যাচের ফল যাই হোক না কেন, মেন্টর অরুণ লালের পরামর্শে মনোজের এমন স্পোর্টিং ডিক্লেয়ার করার সিদ্ধান্ত ম্যাচ জমিয়ে দিয়ে গেল শেষ দিনের শেষ ঘণ্টায়। শুভমান, আনমোলপ্রীতরা নেমেই চালাতে শুরু করলেন। আর পালটা আক্রমণের রাস্তায় ম্যাচের নায়ক হওয়ার ভাবনা নিয়ে হাজির হয়ে মনপ্রীত গোনি এমন মারকাটারি ব্যাটিং শুরু করেছিলেন, যার কোনো জবাব ছিল না বাংলার কাছে। ঋত্বিক লং অন বাউন্ডারিতে গোনির সহজ ক্যাচ ছাড়ার পর তিনি আরও আগ্রাসী হয়ে উঠেছিলেন। সোজা কথায়, নিষ্প্রাণ পিচে নাটকীয়তায় ভরা বাংলা বনাম পঞ্জাব ম্যাচের শেষ দিনে নিশ্চিতভাবেই জয়ী ক্রিকেট। অভিমন্যুর দ্বিশতরানের পরও বাংলার রনজি বিসর্জনের মাধ্যমে আজ প্রমাণ হয়ে গেল, ক্রিকেট সত্যিই মহান অনিশ্চয়তার খেলা। যেখানে শেষ বল না হওয়া পর্যন্ত কিছু পূর্বাভাস করাটা ঠিক নয়। রাতের দিকে মোবাইলে বাংলার মেন্টর অরুণ লালও সেকথাই বলছিলেন উত্তরবঙ্গ সংবাদকে। লালজির যুক্তি হল, 'আমাদের জিততেই হত। তাই একটা ঝুঁকি নিয়েছিলাম আমরা। কিন্তু সেটা সত্যিই বড়ো ঝুঁকি হয়ে গিয়েছিল। শেষ ঘণ্টায় যেকোনো কিছুই হতে পারত ম্যাচের ভাগ্য।'

প্রথম ইনিংসের লিডের সুবাদে পঞ্জাব তিন পয়েন্ট পেয়েছে। বাংলার সংগ্রহ মাত্র ১। সঙ্গে এবারের মতো রনজি বিসর্জন। অপেক্ষা আবার পরের বছরের। কিন্তু মাঝের এই সময়টায় ক্রিকেটের সব বিভাগে ছন্নছাড়া বাংলা কি নিজেদের বদলে ফেলতে পারবে? উত্তরটা হয়তো সময়ই দেবে। কিন্তু ফের একটা রনজি মরশুমের শেষে বাংলার অবস্থার পর্যালোচনা করতে গিয়ে বছরখানেক আগে অশোক দিন্দার সেই অমর উক্তিটা মনে পড়ে যাচ্ছে। বাংলা ক্রিকেট নিয়ে দিন্দা বলেছিলেন, 'দোকানে মাল নেই। তাই শাটার খুলে রেখে লাভও নেই।'

ম্যাচের শেষে বহু অনুরোধেও আজ দিন্দা কোনো মন্তব্য করতে চাননি। তবে ফের ব্যর্থ একটা রনজি মরশুম শেষে প্রমাণিত, বাংলা মানে এখনও সেই দিন্দা–মনোজ। অভিমন্যু হয়তো পারফর্ম করেছেন। কিন্তু বাকিরা? তাছাড়া তাঁর দ্বিশতরানের দিনই তো বাংলার রনজি বিসর্জন ঘটে গেল।

দ্বিশতরানের আনন্দে পাখা মেললেন অভিমন্যু ঈশ্বরণ। ছবি ঃ ডি মণ্ডল

মনোজের প্রার্থনা

যার জন্য ব্যর্থ হল বাংলা ক্রিকেট, তার শাস্তি একদিন হবেই।

ব্যাস, এখন দুঃখ আর নয়
দুঃখকে সুখে বদলান যিনি আত্মা ও কালা যাদু পারদর্শী
আপনি যেকোনও সমস্যায় জর্জরিত হলে, এখনই ফোন করে ঘরে বসে সমাধান পান
৩ ঘণ্টায় ১০০% গ্যারান্টিতে সমাধান
প্রেম-পরিণয়, বিবাহে বাধা, গৃহ কলহ, সতিন বা শত্রুর থেকে পরিত্রাণ, ব্যাবসায় মন্দা, জুয়া-সাট্টা, ভূত-প্রেত, যাদু-টোনা প্রেম-ভালোবাসা প্রভৃতি
বিশেষজ্ঞ ঃ বশীকরণ, গুপ্তবিদ্যা
আপনার মেয়েকে কী আপনার জামাই, বাইরের লোক অথবা শ্বশুরবাড়ি লোক বিরক্ত করে?
বাবা আকবর খান
9818298397 / 9903852257

END OF SEASON SALE
Flat
50%* off
on select merchandise
11th Jan. onwards
Shoes are for presentation purpose only.
T&C apply. Offer valid till stock lasts. Up to 50% off on other brands.
WALKWAY
Footwear & Accessories
OPPOSITE K.F.C, SEVOKE ROAD. TEL.: 9733053334
For Franchise related inquiries please email us at: franchiseinfo@walkway.in | www.walkwayshoes.com
makani

মরশুম শেষে মনোজের মুখে 'অন্তর্ঘাত'

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১০ জানুয়ারি ঃ মরশুমের শুরু থেকে বিতর্ক। কখনও অধিনায়ক মনোজ তিওয়ারি নিজেই নেতৃত্ব ছেড়ে দিতে চেয়েছিলেন, আবার কখনও সিএবি–র তরফে তাঁকেই দল থেকে ছেঁটে ফেলার হুমকিও দেওয়া হয়েছিল। সঙ্গে মরশুম নয়, এক ম্যাচের জন্য দল ও অধিনায়ক বাছাইয়ের কাজটাও চালিয়ে গিয়েছে সিএবি। যদিও বাংলা ক্রিকেট সংস্থার এমন পরিকল্পনা বাস্তবে কাজে আসেনি। সঙ্গে মনোজরাও ক্রিকেটের সব বিভাগে ধারাবাহিকভাবে ব্যর্থ হয়ে এবারের মতো রনজি অভিযান শেষ করলেন।

পাঞ্জাবের বিরুদ্ধে রনজি ম্যাচের পর দলের ব্যর্থতা নিয়ে কথা বলতে গিয়ে এই প্রসঙ্গ টেনে এনে 'বোমা' ফাটালেন অধিনায়ক মনোজ। জানিয়ে দিলেন, পুরো মরশুমজুড়ে যা চলেছে, তারপর কোথাও যেন তিনি অন্তর্ঘাতের আশঙ্কা করছেন। যে ব্যক্তি (নাম জানাননি) এমনটা করেছেন, তাঁর একদিন শাস্তি হবেই, এমনটাই বলেছেন বাংলা অধিনায়ক। প্রবল হতাশা নিয়ে বাংলা অধিনায়ক আজ সন্ধ্যায় বলেছেন, 'আমাকে ছাড়াও অন্যদের ব্যর্থতা নিয়ে এই প্রশ্নটা করা হোক। কেন দল ব্যর্থ হল, তার ক্রিকেটীয় ব্যাখ্যা রয়েছে আমার কাছে। কিন্তু আমি তো সিএবি বা ভিশনের অধিনায়ক নই। তাই মাঠের বাইরের অনেক সিদ্ধান্ত বা ইশ্যু যা সরাসরি দলের অন্দরে প্রভাব ফেলেছে, সেসব নিয়ে বলতে পারব না। তবে বিশ্বাস করি, যার জন্য এমন ব্যর্থ হল বাংলা ক্রিকেট, তার শাস্তি হবেই একদিন।'

মনোজ ও অভিমন্যুর কথা বাদ দিলে বাকি ব্যাটসম্যানরা রান পাননি নিয়মিত। দলের বোলার বলতে সেই বুড়ো দিন্দা। আর ফিল্ডিংয়ের কথা যত কম বলা যায়, ততই ভালো। আজও অভিষেক রমন ও ঋত্বিক চ্যাটার্জির এমন দুটো ক্যাচ ফেলেছেন, যা পাড়ার ক্রিকেটেও মিস করলে অপরাধ হিসেবে ধরা হয়। মনোজ বলছেন, 'আমাদের এই মরশুমে প্রাপ্তি তেমন কিছুই নেই। কিন্তু অনেক কিছু শেখার রয়েছে। অনূর্ধ্ব–২৩ বা আরও জুনিয়ার স্তর থেকে ক্রিকেটার তুলে আনতে হবে। সঙ্গে ভুল শুধরে নেওয়ার কাজটাও করতে হবে। আগামী দিনে সিএবি চাইলে এসব নিয়ে কথা বলব আমি।' ব্যর্থ রনজি অভিযানের শেষে তিনি নেতৃত্ব ছাড়ছেন না। কিন্তু একইসঙ্গে মনোজ তিওয়ারি দাবি তুলছেন, তাঁকে বাংলা ক্রিকেটের সবকিছুর সঙ্গে জড়িয়ে নেওয়ারও। বলছেন, 'আমায় সবকিছুর সঙ্গে সিএবি জড়িয়ে নিলে হয়তো বাংলা ক্রিকেটেরই ভালো হবে। প্রথম শ্রেণির ক্রিকেটের পাশাপাশি সারাবছর স্থানীয় ক্লাব ক্রিকেটও খেলি। ফলে কোন ক্রিকেটার কেমন, কোথায় তার সমস্যা, কী করলে সমস্যা মিটতে পারে–তার পরামর্শ দিতে পারি। কিন্তু এখানে এমনটা হয় না।'

পাশাপাশি বাংলা ক্রিকেটের স্বার্থে আগামীদিনে মনোজ তিওয়ারি দলের সঙ্গে নিয়মিত মনোবিদ রাখা এবং ফিল্ডিং বা বোলিং কোচ রাখার কথাও তুলেছেন আজ। বলেছেন, 'বিশেষজ্ঞদের প্রয়োজন দলে। এবার মুম্বইয়ের মনোবিদ মুগ্ধা ম্যাডামের সঙ্গে আমাদের মাত্র একবারই সেশন হয়েছে। সেটা দীর্ঘমেয়াদি করার কথা ভাবা যেতেই পারে। তেমনই ফিল্ডিং বা বোলিং কোচও প্রয়োজন।' কিন্তু এসবের পরও কি সমস্যা মিটবে? বাংলা ক্রিকেটে সাফল্যের জন্য দীর্ঘমেয়াদি ভাবনা কী হতে পারে?

মনোজ হয়তো জবাব দেওয়ার চেষ্টা করেছেন। কিন্তু তাঁর সতীর্থদের মনোভাব না বদলালে কিছুই হবে না বাংলা ক্রিকেটের। সেই ব্যর্থতার সরণিতেই ঘুরপাক খেতে হবে মনোজ–দিন্দাদের।

MARUTI SUZUKI
NEXA
YEAR END OFFERS CONTINUE AT NEXA.
Buy Before Price Hike.
CREATE. INSPIRE.
NEVER BEFORE SEEN CONSUMER OFFERS, EXCHANGE BONUS & CORPORATE/GOVERNMENT EMPLOYEE OFFERS UP TO ₹ 80,000*
Contact us at
1800-200-[6392]
1800-102-[NEXA]
www.nexaexperience.com
NOW YOU CAN ALSO BOOK ONLINE
SILIGURI: NEXA SEVOKE ROAD
(SEVOKE MOTORS PVT. LTD. PH: 9083270801, 9083270802)
*T & C Apply. Offers may vary across models and variants. Maruti Suzuki reserves the right to withdraw offers at any point in time. For more details, please contact your nearest NEXA dealership.
A REVOLUTIONARY WAY TO CONNECT TO YOUR CAR
Vehicle Tracking
Emergency Alert
Driving Behaviour Analysis
Live Vehicle Status
Service Due Reminder
Offered separately as Genuine NEXA Accessory

অলিভের গুণ সম্পন্ন সোভোলিন –এর
ওলাভি®
বডি অয়েল
Available in 100ml 200ml 500ml
ত্বকের পুষ্টি জোগায়, শুষ্কতা দুর করে, সারা বছর ব্যবহারে ত্বক হয়ে ওঠে কোমল এবং তারুণ্যের দীপ্তিতে উজ্জ্বল
OLAVI BODY OIL

ছাঁটাই হতে পারেন বাহুতুলে

মুস্তাক আলি ট্রফিতে কোচ হতে পারেন অরুণ লাল (ডাইনে)।

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১০ জানুয়ারি ঃ বাংলার রনজি অভিযান এবারের মতো শেষ। তবে মরশুম শেষের আগেই ছাঁটাই হতে চলেছেন বাংলার কোচ সাইরাজ বাহুতুলে। সিএবি–র একটি বিশেষ সূত্রের মাধ্যমে বৃহস্পতিবার রাতের দিকে এ খবর জানা গিয়েছে। শুক্রবার সকালের বিমানে মুম্বই চলে যাচ্ছেন বাহুতুলে এবং সেটাই সম্ভবত তাঁর শেষ যাওয়া। ফেব্রুয়ারি মাসের মাঝামাঝি সময়ে সর্বভারতীয় মুস্তাক আলি টি২০ প্রতিযোগিতা রয়েছে। এই প্রতিযোগিতার আগেই ছাঁটাই হচ্ছেন কোচ বাহুতুলে। সম্ভবত দলের মেন্টর অরুণ লালকে মুস্তাক আলির সময়ে কোচের ভূমিকাতেও দেখা যাবে।

বাজাজ পরিবারে যোগ দিতে তৈরী হোন
BAJAJ MOTORCYCLES
বাজাজ ডিলার্স আমন্ত্রণ জানাচ্ছে সাব–ডিলার্সের জন্য।
ভারতের অগ্রণী মোটরসাইকেল ব্র্যাণ্ডগুলো নিয়ে ব্যবসায় এগিয়ে আসুন
পালসার–১৫ বছর ধরে ভারতের নং ১ স্পোর্ট মোটরসাইকেল
অ্যাভেঞ্জার – ভারতের সর্বাধিক বিক্রিত ক্রুইজার মোটরসাইকেল
ডিসকভার–১১০ সিসি মোটরসাইকেল সবার থেকে আলাদা
প্লাটিনা এবং সিসি ১০০ ভারতের অতি দ্রুত বৃদ্ধিশীল ১০০ সিসি মোটরসাইকেলস
আপনি মোটরসাইকেলের ব্যবসা আকর্ষণীয় বিশ্বাস করলে এবং এর অংশ হতে চাইলে, দেখুন ঃ www.bajajauto.com/dealerLocateForm.aspx এবং ১৫ দিনের মধ্যে আপনার আবেদন দাখিল করুন।
আমাদের প্রয়োজন ঃ বাণিজ্যিক জায়গার আয়তন – ১১১.৫ থেকে ১৩৩ বর্গমিটার(১,২০০ থেকে ১,৫০০ বর্গফুট) সম্মুখভাগ ৬ থেকে ৯ মিটার যুক্ত (২০ থেকে ৩০ ফুট)
ব্যতিক্রম ঘটবে। *বাজাজ অটো লিমিটেড দ্বারা তাদের ডিলারদের পক্ষে এই বিজ্ঞাপন প্রকাশিত।
স্থান: মাদারিহাট, এথেলবাড়ি, বিয়াগুড়ি, বানারহাট, কামাখ্যাগুড়ি, মিরিক, কার্সিয়াং, আমবাড়ি, মাটিগাড়া, ফুলবাড়ি,শালবাড়ি, রাঙ্গাপানি, ফাঁসিদেওয়া
যোগাযোগ: 94340-22231, 91230-92187
ই–মেইল: D10335@siliguribajaj.com | jdey@bajajauto.co.in

TATA MOTORS
টাটা মোটরস্
নিউ ইয়ার ধামাকা
₹50,000* পর্যন্ত ডিস্কাউন্ট স্পেশাল নিউ ইয়ার অফার ACE MEGA XL
₹49,000* পর্যন্ত ডিস্কাউন্ট স্পেশাল নিউ ইয়ার অফার ACE CONTAINER
₹51,000* পর্যন্ত ডিস্কাউন্ট স্পেশাল নিউ ইয়ার অফার SUPER ACE MINT
₹50,000* পর্যন্ত ডিস্কাউন্ট স্পেশাল নিউ ইয়ার অফার XENON YODHA
₹49,000* পর্যন্ত ডিস্কাউন্ট স্পেশাল নিউ ইয়ার অফার ACE GOLD
₹39,000* পর্যন্ত ডিস্কাউন্ট স্পেশাল নিউ ইয়ার অফার ACE ZIP XL
₹49,000* পর্যন্ত ডিস্কাউন্ট স্পেশাল নিউ ইয়ার অফার ACE XL
CCM/TML/01-19
*নিয়ম ও শর্তাবলী প্রযোজ্য - এক্সচেঞ্জ বোনাসের সাথে
TATA MOTORS
ACE PARIVAR - 8584865758, 7033095188
PICKUP - 8420013321
Authorised Dealer
Durga Automart, Malda and Dinajpur, 7477790123, 8116489897
Vinayak Autotrade Pvt. Ltd., Nadia and Murshidabad, 9432054143
North Bengal Auto, Alipurduar, Coochbehar, 9832383746, 7029665363
OSL Automotive, Siliguri – 8016000945, Jalpaiguri – 8016000942, Coochbehar – 8016000939, Alipurduar - 9800003426

সম্পাদক ঃ সব্যসাচী তালুকদার। স্বত্বাধিকারী মঞ্জুশ্রী তালুকদারের পক্ষে সঞ্জীব তালুকদার কর্তৃক সুহাসচন্দ্র তালুকদার সরণি, বাগরাকোট, সুভাষপল্লি, শিলিগুড়ি থেকে প্রকাশিত ও বাড়িভাসা, জলেশ্বরী– ৭৩৫১৩৫ থেকে মুদ্রিত। কলকাতা অফিস ঃ ৭ ওল্ড কোর্ট হাউস স্ট্রিট, কলকাতা–৭০০০০১, ফোন ঃ ২২৪৩–৫৬৬৩, ২২১০–১৮২০/১২০১, ফ্যাক্স ঃ ০৩৩–২২৪৩–৫৬১৮, ২৪১৯২৩৫৮। জলপাইগুড়ি অফিস ঃ থানামোড়, জলপাইগুড়ি– ৭৩৫১০১, ফোন ঃ ০৩৫৬১–২২৪২১৪, ২৩১৬৪৪। কোচবিহার অফিস ঃ সিলভার জুবিলি রোড, কোচবিহার– ৭৩৬১০১, ফোন ঃ ০৩৫৮২–২২৬৪৩৩। আলিপুরদুয়ার অফিস ঃ এনবিএসটিসি ডিপোর পাশে, আলিপুরদুয়ার কোর্ট, আলিপুরদুয়ার–৭৩৬১২২, ফোন ঃ ০৩৫৬৪–২৫৯৪০১। মালদা অফিস ঃ মিউনিসিপ্যাল মার্কেট কমপ্লেক্স, তৃতীয় তল, সরযুপ্রসাদ রোড, নেতাজি মোড়, মালদা– ৭৩২১০১, হোয়াটসঅ্যাপ ঃ ৮৫৮৪৮৮৩২৫৯, ফোন ঃ ০৩৫১২–২২১৬৯৩ (সংবাদ), ২২১৬৯৬ (বিজ্ঞাপন ও অফিস), ফ্যাক্স ঃ ২২১৬৯৪। শিলিগুড়ি ফোন ঃ সম্পাদক ও প্রকাশক ঃ ২৪৩৬২৫১, জেনারেল ম্যানেজার ঃ ২৪৩৫৯০৩, বিজ্ঞাপন ঃ ২৫২৪৭২২, সার্কুলেশন ঃ ২৫২৬৬৩৫, অফিস ঃ ২৫২৯৬৬১, ২৫২৬৯৯৯ ও ৯৫৬৪৫৪৬৮৬৮, নিউজ ঃ ৭৮৭২৯৩৩৮৮৮, রিপোর্টিং ঃ ২৫২০০০৩, হোয়াটসঅ্যাপ ঃ ৯৭৩৫৭৩৯৬৭৭। ফ্যাক্স ঃ ০৩৫৩–২৪৩৪৪৫/২৫২৯৬৬০।
Registration No. RN/35012/80 and Postal Reg. No. WB/NBSR/D–03/2003–08, E. Mail : uttarbanga@hotmail.com uttarbanga@yahoo.com uttarmail2014@gmail.com uttarbanga@indiatimes.com Website : http://www.uttarbangasambad.in